# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৪র্থ কোয়ার্টার

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

# জাতীয় শুদ্ধাচার কৌশল

**বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি কর্তৃক "সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড" এর শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম পরিদর্শনের প্রতিবেদন।**

পেট্রোবাংলার ২০২৩-২০২৪ অর্থ-বছরের ১ম ত্রৈমাসিকে কোম্পানিসমূহের দাখিলকৃত বাস্তবায়ন প্রতিবেদন মূল্যায়নের ফিডব্যাক সভায় কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী-তে সিদ্ধান্ত অন্তর্ভূক্তির ক্ষেত্রে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহ হুবহু অন্তর্ভূক্ত না করে কর্ম-পরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু সিদ্ধান্ত সংযোজনের পরামর্শ প্রদান করা হয়েছে। এ আলোকে বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৪) এর নৈতিকতা কমিটির সভায় নৈতিকতা কমিটি কর্তৃক "সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)" এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে, বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির নিম্নোক্ত ৩(তিন) জন্য সদস্য ০৪ মার্চ ২০২৪ তারিখে এসজিসিএল এর নৈতিকতা কমিটির সাথে মতবিনিময় করেন এবং তাদের শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শন করেন :

ক) জনাব আবদুর রাজ্জাক খান, উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) এবং সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল;

খ) জনাব মোহাম্মদ মোস্তফা কামাল, ব্যবস্থাপক (পার্সোনেল) ও সদস্য, নৈতিকতা কমিটি।

গ) জনাব মোঃ রাগেব হাসনাইন, ব্যবস্থাপক (জনসংযোগ) ও সদস্য, নৈতিকতা কমিটি।

বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট ও নৈতিকতা কমিটির সদস্যগণ এসজিসিএল-এর নৈতিকতা কমিটির সাথে ০৪ মার্চ ২০২৪ তারিখে মতবিনিময় সভায় মিলিত হয়। সভায় এসজিসিএল-এর পক্ষে জনাব উত্তম কুমার সরকার, ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি, জনাব মোঃ নাজমুল হাসান মহাব্যবস্থাপক (প্রশাসন) ও মহাব্যবস্থাপক (অর্থ)-অঃ দাঃ এবং সদস্য, নৈতিকতা কমিটি, প্রকৌঃ মোঃ সালাহউদ্দিন, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও সদস্য, নৈতিকতা কমিটি, জনাব শাহ আলম মোল্লা, উপমহাব্যবস্থাপক/কোম্পানি সচিব ও সদস্য, নৈতিকতা কমিটি, জনাব মোঃ জিল্লুর রহমান, উপমহাব্যবস্থাপক (হিউম্যান রিসোর্স) এবং সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল অংশগ্রহণ করেন। সভায় উভয় কোম্পানির ২০২৩-২০২৪ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উপস্থাপনপূর্বক এর উপর আলোচনা, পর্যালোচনা এবং অভিজ্ঞতা বিনিময় হয়। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করে পেট্রোবাংলার কোম্পানিসমূহ দেশের উন্নয়ন ও অগ্রগতিতে ভূমিকা রাখতে সমর্থ হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এক্ষেত্রে আন্তঃ কোম্পানি মত বিনিময় প্রোগ্রাম পারস্পরিক সম্পর্ক উন্নয়নের পাশাপাশি শুদ্ধাচার চর্চায় বিশেষ ভূমিকা রাখতে পারে উল্লেখ করে এসজিসিএল-এর নৈতিকতা কমিটি বিজিএফসিএল-এর উদ্যোগকে সাধুবাদ জানায়।

**মতামত ও সুপারিশ :**

পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহের মধ্যে পারস্পরিক যোগাযোগ ও মতবিনিময়ের বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। শুদ্ধাচার চর্চার ক্ষেত্রে এটি বিশেষ ফলপ্রসু হবে বলে আশা করা যায়। এছাড়া, সরাসরি যোগাযোগের মাধ্যমে সম্পর্কের উন্নতি হয়, যা শুদ্ধাচার চর্চার পদক্ষেপসমূহকে আরও বেগবান করবে। ভবিষ্যতে এ ধরণের কার্যক্রম অব্যাহত রাখার জন্য বিজিএফসিএল'র শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি সুপারিশ করছে।

১১/০৬/২০২৪

(আবদুর রাজ্জাক খান)
উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল
বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০১.১৯.৬

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **বিজিএফসিএল এর নৈতিকতা কমিটি কর্তৃক সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শন প্রসঙ্গে।**

বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৪) এর নৈতিকতা কমিটির সভায় বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল) এর নৈতিকতা কমিটি কর্তৃক সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ আলোকে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ৫(পাঁচ) জন্য সদস্য (১জন মহাব্যবস্থাপক, ২ জন উপমহাব্যবস্থাপক ও ২ জন ব্যবস্থাপক) আগামী ০৪ মার্চ ২০২৪ তারিখ এসজিসিএল এর নৈতিকতা কমিটির সাথে সভায় মিলিত হবেন এবং শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম পরিদর্শন করবেন। এ ব্যাপারে আপনাদের পক্ষ হতে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৫-০২-২০২৪
মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী
পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা এবং ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল।

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০১.১৯.৬/১ (২)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল এবং
২। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

২৫-০২-২০২৪
মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী
পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা এবং ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

**প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।**

**<u>এসজিসিএল-এর নৈতিকতা কমিটির সাথে মতবিনিময় সভায় উপস্থিতির বিবরণী</u>**

তারিখ : ০৪ মার্চ ২০২৪

| ক্রমিক নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | জনাব উত্তম কুমার সরকার<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, এসজিসিএল। | 04/03/24 |
| ২। | জনাব মোঃ নাজমুল হাসান<br>মহাব্যবস্থাপক (প্রশাসন) ও মহাব্যবস্থাপক (অর্থ)-অঃ দাঃ এবং<br>সদস্য, নৈতিকতা কমিটি, এসজিসিএল। | 04/03/2024 |
| ৩। | প্রকৌঃ মোঃ সালাহউদ্দিন<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, এসজিসিএল। | 04/03/2024 |
| ৪। | জনাব আবদুর রাজ্জাক খান<br>উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) এবং<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও<br>ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, বিজিএফসিএল। | 04/03/2024 |
| ৫। | জনাব শাহ আলম মোল্লা<br>উপমহাব্যবস্থাপক/কোম্পানি সচিব ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, এসজিসিএল। | ০৪/০৩/2024 |
| ৬। | জনাব মোঃ জিল্লুর রহমান<br>উপমহাব্যবস্থাপক (হিউম্যান রিসোর্স) এবং<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও<br>ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, এসজিসিএল। | 04/03/2024 |
| ৭। | জনাব মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (পার্সোনেল) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 04/03/2024 |
| ৮। | জনাব মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ৪.৩.২৪ |


সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
Sundarban Gas Company Limited
ABIR TOWER
08:45:40



# এসজিসিএল-এর শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০২৩-২৪)

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম: **সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড** (পেট্রোবাংলার একটি কোম্পানি)

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২৩-২০২৪ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা………………………………… | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | নৈতিকতা কমিটি | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | নৈতিকতা কমিটি | ২ | লক্ষ্যমাত্রা | ১ | - | ১ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | প্রশিক্ষিত কর্মচারী | ১ | সংখ্যা | উপমহাব্যবস্থাপক (এইচআর) | ২ (৭৯ জন) | লক্ষ্যমাত্রা | - | ১ (৪০ জন) | - | ১ (৩৯ জন) | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন | ১.৪.১ কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে কার্যালয়ের আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন করা | ০.৫ | তারিখ | উপমহাব্যবস্থাপক (সার্ভিস) | ৩১-১২-২৩ | লক্ষ্যমাত্রা | - | ৩১-১২-২৩ | - | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | ১.৪.২ অগ্নিনির্বাপন মহড়া | ০.৫ | তারিখ | উপমহাব্যবস্থাপক (সার্ভিস) | ৩১-০৩-২৪ | লক্ষ্যমাত্রা | - | - | ৩১-০৩-২৪ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |